

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd


নম্বর: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১৩৯.১৩-৪২৪

তারিখ: ১১ আগস্ট, ২০২২

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি পিরোজপুর জেলার মঠবাড়িয়া উপজেলায় প্রকল্পভুক্ত সমিতির সদস্যদের নিকট থেকে সঞ্চয় ও ঋণের কিস্তি বাবদ আদায়কৃত ৬০,০০০.০০ (ষাট হাজার) টাকা সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা না করে আত্মসাতের উদ্দেশ্যে হস্তমজুদ করেছেন (পরবর্তীতে জেলার উপপরিচালক কর্তৃক উৎঘাটনের প্রেক্ষিতে জমা প্রদান)। ইতোপূর্বে আপনি কালিগঞ্জ, সাতক্ষীরা কর্মকালীন প্রকল্পভুক্ত সমিতির সদস্যদের বিপরীতে ঋণের অর্থ ৫,৩৯,০০০.০০ (পাঁচ লক্ষ উনচল্লিশ হাজার) টাকা নিজে গ্রহণের বিষয়টি লিখিতভাবে স্বীকার করে ভবিষ্যতে এ ধরনের কাজে সম্পৃক্ত হবেন না মর্মে অঙ্গীকার করেছেন। তদুপরি আপনি মঠবাড়িয়া, পিরোজপুর উপজেলায় পুনরায় প্রকল্পভুক্ত সমিতির সদস্যদের নিকট থেকে সঞ্চয় ও ঋণের কিস্তি বাবদ আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা না করে আত্মসাতের উদ্দেশ্যে হস্তমজুদ করেছেন। এতে সুস্পষ্টভাবে প্রতীয়মান হয় যে, আত্মসাতের উদ্দেশ্যে হস্তমজুদ করা আপনার নিয়মিত অভ্যাসে পরিণত হয়েছে।

এমতাবস্থায়, আপনার কর্মরত উপজেলাসমূহে বারংবার অর্থ আত্মসাৎ/আর্থিক অনিয়মের সঙ্গে সম্পৃক্ত হওয়ায় কেন আপনাকে কর্মসূচির চুক্তিভিত্তিক নিয়োগ হতে বরখাস্ত করা হবে না তার জবাব আগামী ২৫ আগস্ট, ২০২২ তারিখের মধ্যে প্রকল্প দপ্তরে প্রেরণের জন্য বলা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ফোন: ০২৮১৮০১৪৪

জনাব মোঃ শফিকুল ইসলাম
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত)
ইরেসপো, বিআরডিবি।
(পিরোজপুর জেলা দপ্তরে সংযুক্ত)

নম্বর: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১৩৯.১৩- ৪২৪


অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ মঠবাড়িয়া, জেলাঃ পিরোজপুর।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ পিরোজপুর।
৪. ব্যক্তিগত/সংশ্লিষ্ট নথি।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।

তারিখ: ১১ আগস্ট, ২০২২


শরিফুল ইসলাম
সহকারী পরিচালক